**০৬.০৩.২০২৩ খ্রিঃ তারিখ বরিশাল বিভাগীয় দপ্তরে অনুষ্ঠিত আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যলয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের নৈতিকতা সভার কার্যবিবরণী ঃ**

কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯-৪৯৬ তারিখঃ ১৭/০৫/২০২২ খ্রিঃ মূলে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক বরিশাল বিভাগীয় দপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২০২২-২০২৩ অর্থ বছরের নৈতিকতা কমিটির ৩য় সভা ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখ কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ, সদর দপ্তর বরিশাল এর সভাপতিত্বে এবং নিম্নলিখিত সদস্যগণের উপস্থিতিতে বরিশাল বিভাগীয় দপ্তরে অনুষ্ঠিত হয়।

১। জনাব রত্না রায়, সিনিয়র জেল সুপার, বরিশাল কেন্দ্রীয় কারাগার ----- সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট।

২। জনাব আবুল বাশার, জেলার বরিশাল কেন্দ্রীয় কারাগার-----------------------------------------সদস্য।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বরিশাল বিভাগীয় দপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা, শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করার বিষয়ে আলোচনা করা হয়।

২০২২-২০২৩ অর্থ বছরের আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয়ে প্রাপ্ত নির্দেশনা বিভাগীয় দপ্তরসহ বিভাগস্থ কারাগারসমূহে যথাযথভাবে পালন করার জন্য এবং কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষনা করা হয়।

০৬/০৩/২০২৩
রত্না রায়
সিনিয়র জেল সুপার
বরিশাল কেন্দ্রীয় কারাগার
ও
সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট
শুদ্ধাচার নৈতিকতা কমিটি।

০৬/০৩/২০২৩
আবুল বাশার
জেলার
বরিশাল কেন্দ্রীয় কারাগার
ও
সদস্য
শুদ্ধাচার নৈতিকতা কমিটি।

০৬/০৩/২০২৩
মোঃ জাহাঙ্গীর কবির
কারা উপ মহাপরিদর্শক
বরিশাল বিভাগ, বরিশাল
ও
সভাপতি
শুদ্ধাচার নৈতিকতা কমিটি।

০৬.০৩.২০২৩ খ্রিঃ তারিখ বরিশাল বিভাগীয় দপ্তরে অনুষ্ঠিত আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের নৈতিকতা সভায় উপস্থিত সকলের স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জাহাঙ্গীর কবির<br>কারা উপ মহাপরিদর্শক<br>বরিশাল বিভাগ, বরিশাল | | |
| ০২ | জনাব রত্না রায়<br>সিনিয়র জেল সুপার<br>বরিশাল কেন্দ্রীয় কারাগার | | |
| ০৩ | জনাব আবুল বাশার<br>জেলার<br>বরিশাল কেন্দ্রীয় কারাগার | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, বরিশাল বিভাগ
সদর দপ্তর, বরিশাল
baridiv@gmail.com

পত্র নং-৫৮.০৪.০৬০০.০৬৭.০৩.০১.২৩- ৫৬২ তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৯ / ০৬ মার্চ ২০২২

বিভাগীয় দপ্তর বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কাযবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ জাহাঙ্গীর কবির
কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ।
সভার স্থান : কারা উপ মহাপরিদর্শকের সভা কক্ষ
সভার তারিখ ও সময় : ০৬-০৩-২০২৩ খ্রিঃ; সকাল ১১.০০ ঘটিকায়।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিভাগীয় দপ্তরের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট, সিনিয়র জেল সুপার জনাব রত্না রায় সভাকে জানান ২০২২-২০২৩ অর্থবছরে বিভাগীয় দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অংশে 'নৈতিকতা কমিটির' সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভায় নৈতিকতা কমিটির কর্মপরিধি অনুযায়ী বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও এ কার্যালয়ের শুদ্ধাচার প্রতিষ্ঠার অন্তরায় চিহ্নিতকরণ ও দূরীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিম্নরূপঃ

| ক্রম | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২১.০৯.২০২২ | ০৪ | ০৪ | ১০০% |

| ক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | **শুদ্ধাচার প্রতিষ্টার ক্ষেত্রে অর্জিত সাফল্যঃ** সভাপতি এ দপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য সম্পর্কে জানতে চাইলে হিসাবরক্ষক জনাব মজিবুর রহমান জানান যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>ক) শুদ্ধাচার প্রতিষ্ঠার ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভা আয়োজন।<br>খ) শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন।<br>গ) শুদ্ধাচার সংক্রান্ত নিয়মিত প্রশিক্ষণের অয়োজন করা।<br>ঘ) দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম হিসেবে দুর্নীতি প্রতিরোধবিষয়ক কর্মশালা অয়োজন। | এ দপ্তরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নৈতিকতা কমিটির সভা, অংশীজনের অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত নিয়মিত প্রশিক্ষণের অয়োজন, দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজনসহ প্রতিটি সূচক ভিত্তিতে কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পিএ/ অফিস সহকারী, বিভাগীয় দপ্তর। |
| ২. | **বিবিধঃ** ক। সভাপতি বলেন যে, শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ক্রমিক নং-৩.২ এ বর্ণিত বিভাগীয় দপ্তরের আওতাধীন প্রধান কারারক্ষি, সহকারী প্রধান কারারক্ষি, কারারক্ষি ও মহিলা কারারক্ষিদের জিপিএফ অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে আবেদনকারীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ। | ক। বিভাগস্থ কারাগার সমূহের কর্মরত প্রধান কারারক্ষি, সহকারী প্রধান কারারক্ষি, কারারক্ষি ও মহিলা কারারক্ষিদের জিপিএফ অগ্রীম উত্তোলনের ক্ষেত্রে আবেদনকারীর মোবাইলে এসএমএস এর মাধ্যমে এবং কর্তৃপক্ষকে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। বিষয়টি রোলকল ও দরবারে সংশ্লিষ্টদের অবহিত করার ব্যবস্থা গ্রহন করারসিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার/জেল সুপার বিভাগস্থ সকল কারাগার ও অফিস সহকারী, বিভাগীয় দপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| | খ। সম্প্রতি সরকারী আফিস সময়সূচি পরিবর্তন হয়েছে। নির্ধারিত সময়ে অফিসে আগমন ও প্রস্থান করা শুদ্ধাচারের অন্তর্ভুক্ত হওয়ায় বিষয়টি নিয়ে আলোচনা হয়। | খ। সরকার নির্ধারিত সময়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে আগমন করতে হবে। | সিনিয়র জেল সুপার/জেল সুপার, বিভাগস্থ সকল কারাগার ও পিএ বিভাগীয় দপ্তর। |
| | গ। এছাড়াও সভাপতি সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন, বিদ্যুতের অপচয় রোধ করার জন্য সকলকে নির্দেশনা প্রদান করে বক্তব্য দেন। | গ। সকল সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন এবং অফিসে অপ্রয়োজনীয় বিদ্যুতের ব্যবহার পরিহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র জেল সুপার/জেল সুপার, বিভাগস্থ সকল কারাগার ও অফিস সহকারী, বিভাগীয় দপ্তর। |

সভাপতি মহোদয় সকলকে ব্যক্তিগত ও দাপ্তরিক কার্যক্রমে নৈতিকতা চর্চার অহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০২/০৬/২০২৬

মোঃ জাহাঙ্গীর কবির
বিজে-০১৭৬০৮০০৪০২
কারা উপ মহাপরিদর্শক
বরিশাল বিভাগ, বরিশাল।

পত্র নং-৫৮.০৪.০৬০০.০৬৭.০৩.০১.২৩- ৫৮২

তারিখঃ ২১ ফাল্গুন ১৪২৯ / ০৬ মার্চ ২০২২

**অনুলিপি জ্ঞাতার্থে ও কাযার্থেঃ**

সিনিয়র জেল সুপার
বরিশাল কেন্দ্রীয় কারাগার।

জেল সুপার
পটুয়াখালি/বরগুনা/ভোলা/ঝালকাঠি/পিরোজপুর জেলা কারাগার।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।